**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03-05-2026** **Desk in Charge : Susmita M.**
**Time : 1-40 PM** **Edit. & Compile : Priya B.**
**DEO : KB** **NRT : Priya Biswakarma**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ রাজ্যে বিধানসভা নির্বাচনে ফলতা বাদে ২৯৩টি আসনে আগামীকাল ভোট গণনা। সকাল ৮টা থেকে প্রথমে পোস্টাল ব্যালট এবং তারপর EVM-এর গণনা হবে।

২/ রাজ্যের সব গণনা কেন্দ্রে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

এদিকে, বিভিন্ন গণনা কেন্দ্রে সুরক্ষা ব্যবস্থা নিয়ে রাজনৈতিক দলগুলির মধ্যে অভিযোগ, পালটা অভিযোগে চাপানোতর তুঙ্গে।

৩) দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রের ২৮৫টি বুথেই আগামী ২১শে মে পুনর্নির্বাচন। গণনা ২৪শে মে।

৪) ডাক্তারিতে স্নাতক পর্যায়ে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট ইউজি আজ নেওয়া হচ্ছে।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় আজ ও আগামীকাল বৃষ্টির পূর্বাভাস।

৬) আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে।

**********************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনে দক্ষিণ ২৪ পরগণার ফলতা বাদে ২৯৩ টি আসনে আগামীকাল ভোট গণনা । সকাল ৮ টা থেকে শুরু হবে গণনা। প্রথমে পোস্টাল ব্যালট এবং তারপর EVM-এর গণনা হবে।
নির্বাচন কমিশন ভোটগণনা অবাধ ও স্বচ্ছ রাখতে ব্যাপক বন্দোবস্ত করেছে। প্রতিটি গণনাকেন্দ্রের ১০০ মিটারের মধ্যে জারি হয়েছে বিধি নিষেধ। সিসিটিভি ক্যামেরা ও ভিডিওগ্রাফির মাধ্যমে পুরো প্রক্রিয়ার ওপর নজর রাখা হচ্ছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

*******************

কলকাতার ভবানীপুরে গণনা কেন্দ্রের সামনে এক্স আর্মি লেখা একটি গাড়ি দাঁড় করানোকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়।
তৃণমূল কংগ্রেসের দাবী, ওই গাড়ির সামনে বিজেপির পতাকা ও উত্তরীয় ছিল এবং কোনও রকম তল্লাশি ছাড়াই সেটিকে গণনা কেন্দ্রের সামনে পর্যন্ত যেতে দেওয়া হয়। তাদের আরও অভিযোগ, ওই গাড়ি থেকে নেমে এক ব্যক্তিকে গণনা কেন্দ্রের ভিতরে প্রবেশ করতে দেখা গিয়েছে। প্রতিবাদে লর্ড সিনহা রোডে বিক্ষোভ দেখান শাসক দলের কর্মীরা। পুলিশের বিরুদ্ধেও তারা পক্ষপাতিত্বের অভিযোগও তোলেন।
যদিও সব অভিযোগ অস্বীকার করেছে পুলিশ। তাদের দাবি, নিয়ম মেনেই নজরদারি চলছে এবং অনুমতি ছাড়া কাউকে গণনা কেন্দ্রের ভিতরে ঢুকতে দেওয়া হয়নি। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ বিক্ষোভকারীদের গণনা কেন্দ্রের নির্দিষ্ট এলাকার বাইরে সরিয়ে দেয়।

*******************

হুগলির আরামবাগ মহকুমার কালিপুর নেতাজি মহাবিদ্যালয়ে, স্ট্রং রুমে সিসিটিভি বিকল হয়ে পড়ার অভিযোগকে কেন্দ্র করে গতরাতে চাঞ্চল্য ছড়ায়। খানাকুলের বিজেপি প্রার্থী নির্বাচন কমিশন ও আরামবাগ থানায় লিখিত অভিযোগে জানিয়েছেন, স্ট্রং রুমের দু'টি সিসিটিভি ক্যামেরা দীর্ঘক্ষণ বন্ধ ছিল।

এদিকে, বিধাননগরে স্ট্রংরুমের বাইরে ক্যাম্প অফিস বসানোকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে গতরাতে তীব্র উত্তেজনা ছড়ায়। বিজেপির অভিযোগ, তাদের তাঁবুতে তৃণমূল কংগ্রেসের কর্মী-সমর্থকেরা নিজেদের দলীয় পতাকা লাগিয়ে দেয়। অন্যদিকে তৃণমূল কংগ্রেসের দাবি, স্ট্রংরুমের বাইরে কারা কোথায় তাঁবু বসাবে, তা নিয়ে কোনও আলোচনা না-করেই একতরফা সিদ্ধান্ত নিয়েছে বিজেপি। দু'পক্ষের মধ্যে বাগ্‌বিতণ্ডার জেরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে স্ট্রংরুমের বাইরে। কেন্দ্রীয় বাহিনীর জওয়ান এবং পুলিশ আধিকারিকেরা দ্রুত সেখানেই পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

*******************

অন্যদিকে, ভোট পরবর্তী পরিস্থিতিতে কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে এবং গণনার দিন শান্তি বজায় রাখতে বিভিন্ন জায়গায় রুটমার্চ করছে কেন্দ্রীয় বাহিনী।

মালদা জেলার পুরাতন মালদা কোর্ট স্টেশন, সদরঘাট, সাহাপুর ছাতিয়ান মোড় সহ একাধিক এলাকায় কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা আজ রুটমার্চ করেন। সাধারণ মানুষের মনে আস্থা বাড়াতে তৎপর রয়েছেন তাঁরা।

*******************

উত্তর ২৪ পরগণার নোয়াপাড়ায়, বিজেপি নেতার বাড়ি লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। বিজেপির ব্যারাকপুর সাংগঠনিক জেলার সম্পাদক কুন্দন সিংয়ের বাড়ির সামনে গতরাতে মোটরবাইকে দুই যুবক এসে গুলি চালিয়ে চম্পট দেয় বলে অভিযোগ।

পুলিশ সূত্রে জানা গেছে, বাড়ির সামনে লাগানো CCTV ক্যামেরায় অভিযুক্তদের ছবি ধরা পড়েছে। অভিযুক্ত আকাশ চৌধুরী ও আমনের সন্ধানে তল্লাশি চলছে।

এই ঘটনায় তৃণমূল কংগ্রেসের দিকে অভিযোগের আঙুল তুলেছে বিজেপি।

যদিও শাসক দলের দাবী, বিজেপির গোষ্ঠীদ্বন্দ্বের জেরেই এই ঘটনা।

*******************

কালীঘাট থানার ওসিকে ফের বদল করা হল। গতকাল এই থানার ওসি গৌতম দাসকে সরিয়ে , নতুন ওসি করা হয়েছিল  চামেলী মুখোপাধ্যায়কে। আজ তাকে  আবার পুরোনো পোস্টিং উল্টোডাঙা  মহিলা থানায় ফেরত পাঠিয়ে নতুন করে নিয়োগ করা হয়েছে বলাই বাগকে তিনি  কোলেরহাট থানার সেকেন্ড অফিসার হিসাবে কাজ করছিলেন।

*******************

আগামীকাল বিধানসভা নির্বাচনের ভোটগণনার দিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ **সকাল ১০টা থেকে বিকেল চারটে** পর্যন্ত গীতাঞ্জলি প্রচার তরঙ্গে বিশেষ নির্বাচনী অনুষ্ঠান জনমত-২০২৬ সম্প্রচার করবে। এর দ্বিতীয় পর্ব শোনা যাবে **রাত আটটা পাঁচ থেকে ন’টা** পর্যন্ত। নির্বাচনী সংবাদের পাশাপাশি এতে থাকবে ভোটগণনার গতিপ্রকৃতি, ফলাফল বিশ্লেষণ ও রাজনৈতিক ব্যক্তিত্বদের মতামত।

আকাশবাণী শিলিগুড়ি, শান্তিনিকেতন ও মুর্শিদাবাদ কেন্দ্র দুটি পর্বই রিলে করবে। এছাড়া DTH পরিষেবা, ফেসবুক পেজ আকাশবাণী সংবাদ কলকাতা এবং ইউ-টিউব চ্যানেল RNU-কলকাতা সোশ্যাল মিডিয়াতেও জনমত- ২০২৬ শোনা যাবে।

*******************

নির্বাচন কমিশন, দক্ষিণ ২৪ পরগনার **ফলতা** বিধানসভা কেন্দ্রে ভোট সম্পূর্ণ বাতিল করে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। নতুন করে ভোটগ্রহণের দিন ধার্য হয়েছে **২১শে মে**। সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট নেওয়া হবে। গণনা ২৪শে মে।

ফলতা কেন্দ্রের ২৮৫ টি বুথেই ভোটগ্রহণ প্রক্রিয়া গুরুতরভাবে **প্রভাবিত** হয়েছে বলে, কমিশনের রিপোর্টে উঠে এসেছে। স্ক্রুটিনিতে দেখা গেছে, সেখানে একাধিক বুথে ইভিএমে কারচুপি, ভোটারদের ভয় দেখানো এবং ভোটগ্রহণের ক্ষেত্রে গুরুতর নিয়মভঙ্গের ঘটনা ঘটেছে। বহু বুথে ব্যালট ইউনিটের বোতামে কালো টেপ লাগানো ছিল। এর ফলে ভোটাররা সঠিকভাবে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি।

একাধিক বুথে ভিডিও রেকর্ডিং পাওয়া যায়নি, কোনো বুথে তা’ অসম্পূর্ণ বা কোথাও ফুটেজে অসঙ্গতি ধরা পড়েছে।

*******************

ভোট গণনার আগে আজ তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি, নিজের কেন্দ্র ভবানীপুরের কাউন্টিং এজেন্টদের নিয়ে আলাদা করে বৈঠকে বসতে পারেন। পাশাপাশি বিভিন্ন কেন্দ্রের দায়িত্বে থাকা নেতৃত্বও সেই কেন্দ্রের কাউন্টিং এজেন্টদের নিয়ে বৈঠক করবেন। গণনার দিন কোথাও কোন ফাঁক না রাখতেই এই তৎপরতা বলে জানা গিয়েছে। গতকালও দলের কাউন্টিং এজেন্টদের নিয়ে ভার্চুয়াল বৈঠক করেছেন দলের নেত্রী মমতা ব্যানার্জি ও সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিকে, গণনার প্রস্তুতি নিয়ে দলের প্রার্থী এবং এজেন্টদের সঙ্গে বৈঠক করছে বিজেপিও।

*******************

ডাক্তারিতে স্নাতক স্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ‘ন্যাশানাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট’ - নিট ইউজি আজ নেওয়া হচ্ছে। দুপুর ২টোয় শুরু হয়ে পরীক্ষা চলবে, বিকেল পাঁচটা পর্যন্ত । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক এবং শিক্ষা মন্ত্রকের অনুমোদনক্রমে ২০১৯ সাল থেকে ডাক্তারিতে স্নাতকে ভর্তির জন্য এই নিট ইউজি পরীক্ষাটি হয়ে আসছে।

*******************

ই-ফার্মেসি বন্ধ-এর দাবীতে এবং ওষুধের দাম ইচ্ছেমতো কমিয়ে গুণমান হ্রাসের প্রতিবাদে ওষুধের দোকান মালিকদের সর্ববৃহত সংগঠন- ‘অল ইন্ডিয়া অর্গানাইজেশন অফ কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট’, আগামী বিশে মে দেশ জুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে। তাদের দাবী, অনলাইন ফার্মেসি চালু থাকায় ওষুধ সংক্রান্ত সুরক্ষা বিধি বিঘ্নিত হচ্ছে। বিভিন্ন ওষুধ কোম্পানী নিজেদের ইচ্ছেমতো দাম কমানোয় গুণমানের সঙ্গে সমঝোতা করা হচ্ছে। বারবার এই সমস্যা নিয়ে ওষুধ কোম্পানীগুলির সঙ্গে আলোচনা করা

হলেও, সমস্যার সমাধান হয়নি। তাই ধর্মঘটের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে, ‘বেঙ্গল কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশনের মুখপাত্র শঙ্খ রায়চৌধুরী জানিয়েছেন।

*******************

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশের কারণে আজ ও আগামীকাল রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং হাওড়া জেলায় আজ ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং এবং জলপাইগুড়ি জেলায় রয়েছে ভারী বৃষ্টির কমলা সর্তকতা।

উপকূলবর্তী এলাকাগুলিতে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের ৫ তারিখ পর্যন্ত গভীর সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

*******************

আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে। হায়দরাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক ষ্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল সাড়ে তিনটেয়।

*****************************************************************************